গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৮১৬ তারিখ: ২৭/০৬/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (নবম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ২৩/০৬/২০২১ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৭৮৮ নং স্মারকে জারীকৃত পত্র অনুসরণপূর্বক এ্যাসাইনমেন্ট বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া নিম্নোক্ত ছক মোতাবেক ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে তথ্য সংগ্রহ করে আঞ্চলিক উপপরিচালকগণ সংরক্ষণপূর্বক মাউশি অধিদপ্তর-কে অবহিত করবেন।

**ছক (এক্সেল ফরমেট)**

শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN ও ঠিকানা:
ই-মেইল নং-
মোবাইল নং-

| ক্রমিক নং | ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা (শ্রেণি ভিত্তিক) | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট গ্রহণকারী শিক্ষার্থীর মোট সংখ্যা | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট জমাদানকারী শিক্ষার্থীর মোট সংখ্যা | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট জমাদান করেনি এমন শিক্ষার্থীর মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির নবম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (নবম সপ্তাহের জন্য)

২৭.০৬.২০২১
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা [এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স | |
|---|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | পদ্য | আমার বাড়ি<br>জসীম উদ্‌দীন | সাহিত্য পর্যালোচনা<br>'আমার বাড়ি' কবিতায় বন্ধুকে আপ্যায়নের জন্য কী কী আয়োজন ও খাবারের কথা উল্লেখ আছে? কবিতায় বর্ণিত আপ্যায়নের সাথে বর্তমান সময়ের অতিথি আপ্যায়নের সাদৃশ্য/বৈসাদৃশ্য নিজের পারিবারিক অভিজ্ঞতার আলোকে লিখ। | পাঠ্যপুস্তক ও নিজের অভিজ্ঞতার সমন্বয়ে লিখবে | অতি উত্তম | ১.বিষয়বস্তুর সঠিকতা<br>২. অভিজ্ঞতার বর্ণণা<br>৩. বানান শুদ্ধতা<br>৪. মৌলিকতা/ নিজস্বতা |
| | | | | | উত্তম | ১টির ক্ষেত্রে ঘাটতি |
| | | | | | ভালো | ২-৩টির ক্ষেত্রে ঘাটতি |
| | | | | | অগ্রগতি প্রয়োজন | সকলক্ষেত্রেই ঘাটতি |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম**

**বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: উদ্ভিদ ও প্রাণীর কোষীয় সংগঠন | পাঠ-১-২:<br>একটি উদ্ভিদ কোষের বর্ণনা<br><br>পাঠ-৩-৫:<br>কোষ অঙ্গাণুগুলোর পরিচয়<br><br>পাঠ-৬-৭:<br>উদ্ভিদ টিস্যুর বৈশিষ্ট্য ও কাজ<br><br>পাঠ-৮-১০:<br>প্রানীটিস্যুর বৈশিষ্ট্য ও কাজ<br><br>পাঠ-১১:<br>যোজক টিস্যু | ১। একটি প্রাণিকোষ ও একটি উদ্ভিদকোষ এর চিহ্নিত চিত্র অংকন করে উপস্থাপন কর।<br><br>২। মানবদেহের কোন কোন অংগানু ঐচ্ছিক পেশি এবং অনৈচ্ছিক পেশি তার একটি তালিকা তৈরী কর এবং খাতায় লিপিবদ্ধ কর।<br><br>৩। প্রাণিদেহের যে কলা উদ্দীপনায় সাড়া দিয়ে উপযুক্ত প্রতিবেদন সৃষ্টি করতে পারে সেই কোষটির সচিত্র বর্ণনা কর। | ১। শিক্ষার্থীরা পোষ্টার/ খাতায় উদ্ভিদ ও প্রাণিকোষের চিত্রাংকন শিখবে।<br><br>২। মানবদেহের কোন অঙ্গানুগুলো ঐচ্ছিক পেশি ও কোন অঙ্গানুগুলো অনৈচ্ছিক পেশি দ্বারা গঠিত তা জানতে হবে।<br><br>৩। প্রাণিদেহের স্নায়ুকোষ সম্পর্কে ধারণা নিবে। | **অতি উত্তম:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। প্রশ্নের উত্তরে তথ্য,তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**উত্তম:**<br>১। ২টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। ২টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। ২টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**ভাল:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা আংশিকভাবে সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণার সঙ্গাতির অভাব হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা না থাকলে। |